তারিখ 0 1 DEC 1991
পৃষ্ঠা ২

আজকের কাগজ

166

# সরকারি কলেজের ৭০৯ জন প্রভাষকের পদোন্নতি

সরকার গতকাল সরকারি কলেজসমূহের ৭০৯ জন প্রভাষকের সরকারি অধ্যাপক পদে পদোন্নতি অনুমোদন করেছে। তাদের পদোন্নতির বিষয়টি দীর্ঘদিন নিষ্পত্তির অপেক্ষায় ছিলো।

এছাড়া খুব শিগগিরই আরো প্রায় ৪০০ জন প্রভাষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়ার পদক্ষেপ নেয়া হচ্ছে।

সরকার পদোন্নতির মাধ্যমে বিভিন্ন সরকারি কলেজের অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের শূন্য পদসমূহ পূরণেরও উদ্যোগ নিয়েছে। সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ফলে প্রভাষকের শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সরকার খুব শিগগিরই নিয়োগদানের ব্যবস্থা গ্রহণ করবে। তথ্য বিবরণী।